# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 05 April, 2025

পাবনার সুজানগরে পদ্মা নদীতে বেড়াতে গিয়ে নৌকা ডুবে স্বামী-স্ত্রী মৃত্যু হয়েছে।

নৌকা ডুবে নিখোঁজের ১৬ ঘণ্টা পর শনিবার (০৫ এপ্রিল) সকাল দশটার র তাদের মরদেহ উদ্ধার করে নৌ পুলিশ ও ডুবুরি দল।

এর আগে শুক্রবার (০৪ এপ্রিল) বিকেল ৬টার দিকে নৌকা ডুবির ঘটনা ঘটে।

সুজানগর ফায়ার সার্ভিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল আলিম এ তথ্য নিশ্চিত করেছেন।

নিহতরা হলেন, পাবনা সদর উপজেলার কোলচরী গ্রামের দুলাল প্রামাণিকের ছেলে হৃদয় প্রামাণিক (২৩) ও তার স্ত্রী মৌ আক্তার (১৯)।

পুলিশ ও স্থানীয়রা জানায়, গতকাল শুক্রবার বিকেলে সুজানগর উপজেলার সাতবারিয়ায় কাঞ্চন পার্কে পদ্মা নদী এলাকায় বেড়াতে যান বিভিন্ন এলাকার অসংখ্য মানুষ।একপর্যায়ে তারাসহ ২০ থেকে ২৫ জন শ্যালো ইঞ্জিন চালিত নৌকায় ওঠেন।নৌকায় থাকা অবস্থায় নদীর মাঝখানে হঠাৎ করে পদ্মা নদীর স্রোতে ডুবে যায় নৌকাটি।স্থানীয়দের সহায়তায় সবাই নদী পার হতে পারলেও স্বামী-স্ত্রী নিখোঁজ হয়।

সুজানগর ফায়ার সার্ভিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল আলীম বলেন, খবর পেয়ে সুজানগর ফায়ার সার্ভিস, রাজশাহী থেকে আসা ডুবুরি দল ও নাজিরগঞ্জ নৌ পুলিশ ফাঁড়ির সদস্যরা উদ্ধার অভিযান শুরু করে।গতকাল শুক্রবার তাদের সন্ধান মেলেনি।শনিবার সকাল থেকে আবারও উদ্ধার অভিযান শুরু হয়।সকাল দশটার দিকে তাদের মরদেহ উদ্ধার করা হয়।

পাবনা নৌকা ডুব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:12

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/312775807